



হাদীস কর্ণিকা

(মর্মবাণী)

০১. নিয়ত সকল কর্মের অঙ্কুর । নিয়ত
অনুসারেই কর্মফল পেতে হবে ।

—বোখারী

০২. ইসলামের মূল ভিত্তি ৫টি । আল্লাহ
ছাড়া কোনো উপাস্য নেই এবং
মুহাম্মদ (স.) তাঁর রসূল বলে
বিশ্বাস করা । নামাজ কায়েম করা,
যাকাত আদায় করা, রমজান মাসে
রোজা রাখা এবং সামর্থ্য থাকলে
হজ্জ পালন করা ।

—বোখারী

০৩. এমনভাবে নামাজ পড় যেন তুমি
আল্লাহকে দেখছো । কারণ তুমি যদি
দেখতে না-ও পাও, নিশ্চিতই তিনি
তোমাকে দেখছেন । এটাই ইহসান
বা সর্বোত্তম কল্যাণ ।

—মুসলিম

০৪. নামাজি অন্যায় ও দুষ্কর্ম থেকে
নিজেকে বিরত না রাখলে আল্লাহর
সাথে তার দূরত্ব বাড়তে থাকে ।

—ইবনে মাজাহ

০৫. একাত্মচিন্তা (হৃদরিল ক্বালব) ছাড়া
নামাজ আল্লাহ গ্রহণ করেন না।

-বায়হাকি

০৬. সংশয়পূর্ণ কাজ (যা সুস্পষ্টভাবে
বৈধ বা অবৈধ নয়) থেকে নিজেকে
বিরত রাখাই উত্তম।

-আবু দাউদ

০৭. পৃথিবী বিশ্বাসীর জন্যে কারাগার
আর অবিশ্বাসীরা একেই মনে করে
স্বর্গ।

-মেশকাত

০৮. সৎ অনু সংগ্রহকারীই (সৎ ও
পরিশ্রমলব্ধ জীবিকা) আল্লাহর প্রিয়
পাত্র।

-মেশকাত

০৯. নীরবে ও গোপনে দান আল্লাহর
গজব থেকে রক্ষা করে।

-মেশকাত

১০. সর্বোত্তম দান হচ্ছে, নিজের শ্রম
দ্বারা অর্জিত অর্থ থেকে সাধ্যমতো
দান করা।

-বোখারী

১১. বিনয় ও সততা ঈমানের অঙ্গ।

—মেশকাত

১২. ঈর্ষা করার সুযোগ থাকলে সেই দুই ব্যক্তি ঈর্ষণীয় হবেন : ১. সেই সম্পদশালী ব্যক্তি যিনি তার সম্পদ সৃষ্টির সেবায় ব্যয় করেন, ২. সেই প্রজ্ঞাবান ব্যক্তি যিনি প্রজ্ঞা অনুযায়ী কাজ করেন ও অন্যকে প্রজ্ঞাবান হতে সাহায্য করেন।

—বোখারী

১৩. আমি মানুষের অতিরিক্ত কিছু নই। আমি যখন ধর্ম বা জীবনাচরণ সম্পর্কে কোনো নির্দেশ দিই তখন তা পুরোপুরি অনুসরণ কর। আর যখন পার্থিব বিষয়ে কিছু বলি তখন আমি তোমাদেরই মতো একজন।

—মুসলিম

১৪. আল্লাহর ওপর ভরসা রাখো, কিন্তু সতর্কতা ও করণীয় কর্তব্যে অবহেলা করবে না।

—মেশকাত

১৫. আপাত আনন্দের পর্দার ওপারেই
অপেক্ষা করছে নরক বা জাহান্নাম ।
আর কষ্ট, দুঃখ ও সংগ্রামের পেছনে
অপেক্ষা করছে স্বর্গ বা বেহেশত ।
-বোখারী

১৬. সে-ই উত্তম, যার দ্বারা মানুষের
কল্যাণ হয় ।
-বায়হাকি

১৭. সে-ই অধম যে শিক্ষিত কিন্তু অসৎ
আর উত্তম সে যে জ্ঞানী এবং সৎ ।
-মেশকাত

১৮. অনন্ত বা মহাজাগতিক সফরে কবর
হলো প্রথম সোপান ।
-তিরমিজী

১৯. ইসলাম হচ্ছে সংযম, সমর্পণ ও
আনুগত্য । উত্তম ঈমান হচ্ছে
সদাচরণ । উত্তম হিজরত হচ্ছে—
আল্লাহ যা অপছন্দ করেন তা
পরিত্যাগ করা ।
-মেশকাত

২০. সে ব্যক্তিই সৎ— যে চিন্তা, কথা ও
কাজে সৎ ।
-বায়হাকি

২১. যদি তুমি ভালো কাজ করে আনন্দ
পাও এবং খারাপ কাজ করে
ফেললে অনুতপ্ত হও, তা হলেই
তুমি প্রকৃত বিশ্বাসী। -মেশকাত

২২. পার্থিব বস্তুর প্রতি আসক্তিই সকল
পাপের মূল। -বায়হাকি

২৩. বয়স বাড়ার সাথে সাথে সম্পদ ও
দীর্ঘ জীবনের প্রতি মোহ বাড়তে
থাকে। -বোখারী

২৪. তোমার কর্ম অনুসারেই তুমি
তোমার পুরস্কার পাবে। -বায়হাকি

২৫. জ্ঞানার্জন ও জ্ঞান বিতরণে যার
জীবন উৎসর্গিত সে শহীদ, সে
অমর। -মেশকাত

২৬. দোলনা থেকে কবর পর্যন্ত জ্ঞান
অন্বেষণ কর। -বায়হাকি

২৭. যে জ্ঞান কোনো উপকারে আসে না
তা অর্থহীন। -মেশকাত

২৮. জ্ঞানী তারাই, যারা জ্ঞান অনুসারে
কাজ করে । -মেশকাত

২৯. রাতে এক ঘণ্টা জ্ঞান চর্চা রাতভর
ইবাদতের চেয়ে শ্রেষ্ঠ । -মেশকাত

৩০. জ্ঞান অর্জন করা প্রত্যেক বিশ্বাসী
নর-নারীর জন্যে ফরজ । -মেশকাত

৩১. ক্বালব বা মন বা হৃদয় ভালো
থাকলে দেহ ভালো থাকে আর তা
যখন খারাপ হয় সারা দেহ খারাপ
হয়ে যায় । -বোখারী

৩২. কোনো নারীকে চারটি যোগ্যতার
জন্যে বিয়ে করা যায় । ১. সম্পদ
২. বংশ মর্যাদা ৩. রূপ ৪. গুণ ।
এমন নারী খোঁজ কর যার গুণ
আছে । অন্য বিবেচনায় বিয়ে করলে
তুমি ক্ষতিগ্রস্ত হবে । -বোখারী

৩৩. মায়ের পায়ের নিচে সন্তানের
বেহেশত । -মেশকাত

৩৪. এই পৃথিবী ও তার সবকিছুই
মূল্যবান। তবে সবচেয়ে মূল্যবান
হলো সৎকর্মশীল নারী। -মুসলিম

৩৫. আল্লাহর কাছে বৈধ বিষয়ের মধ্যে
সবচেয়ে অপছন্দনীয় হচ্ছে তালাক।
-আবু দাউদ

৩৬. যারা স্ত্রীকে প্রহার করে তারা
সদাচারী নয়। -আবু দাউদ

৩৭. তারাই উত্তম, যারা তাদের
পরিবারের কাছে ভালো; যেমন
আমি আমার পরিবারের কাছে
ভালো। -তিরমিজী

৩৮. একজন অতিথির এত বেশি সময়
থাকা উচিত নয়, যাতে মেজবানের
অসুবিধা হয়। -বোখারী

৩৯. ঈর্ষা থেকে দূরে থাকো। আগুন
যেমন খড়কুটো পুড়িয়ে ছাই করে
দেয়, ঈর্ষাও তেমনি সৎ কর্মের
বিনাশ করে। -মেশকাত

৪০. ক্রুদ্ধ হয়ো না। যে ব্যক্তি ক্রোধকে
সংবরণ করতে পারে সে-ই প্রকৃত
বীর। -বোখারী

৪১. প্রতিশোধ নেয়ার ক্ষমতা থাকা
সত্ত্বেও যে ক্ষমা করে সে আল্লাহর
নিকট সবচেয়ে সম্মানিত। -বায়হাকি

৪২. যে ব্যক্তি কোনো বালিকাকে লালন-
পালন করে সদাচারী মানুষরূপে
গড়ে তুললো, দোজখ ও তার
মাঝখানে এই বালিকা দেয়াল
হিসেবে থাকবে। -বোখারী

৪৩. সে ব্যক্তিই আমার দলভুক্ত যে
ছোটদের স্নেহ করে, বয়স্কদের
সম্মান করে, ভালো কাজ করতে
বলে আর অন্যায় কাজে নিষেধ
করে। -তিরমিজী

৪৪. সন্তানকে আদব শিক্ষা দেয়া
ভিক্ষুককে অনেক ভিক্ষা দেয়ার
চেয়ে উত্তম। -মেশকাত

৪৫. গীবত বা পরনিন্দা করলে অজু ও
রোজা নষ্ট হয় ।
-মেশকাত

৪৬. মানুষকে তার সুনামের যোগ্য মর্যাদা
দেবে ।
-মেশকাত

৪৭. মানুষকে দয়া কর, আল্লাহ তোমাকে
দয়া করবেন ।
-বোখারী

৪৮. তোমাদের মধ্যে আমার সবচেয়ে
প্রিয় হচ্ছে সদাচারীরা আর সবচেয়ে
অপ্রিয় হচ্ছে বদমেজাজীরা । -তিরমিজী

৪৯. অহংকারী ও উগ্রভাষী কখনো
বেহেশতে প্রবেশ করবে না ।
-আবু দাউদ

৫০. ইবাদত গালিগালাজ বা কটুভাষণের
দোষ মোচন করতে পারে না ।
-বায়হাকি

৫১. কাউকে অভিশাপ দেয়া একজন
বিশ্বাসীর জন্যে অত্যন্ত অশোভন ।
-মুসলিম

৫২. প্রচুর সম্পদ প্রাচুর্য নয়, প্রাচুর্যের
অবস্থান পরিতৃপ্ত চিত্তে । -বোখারী

৫৩. দারিদ্র কুফরের কারণ হতে পারে ।
-বায়হাকি

৫৪. ধৈর্য ও বিনয় আল্লাহ পছন্দ করেন ।
-মুসলিম

৫৫. শ্রমিকের ঘাম শুকাবার আগে তার
মজুরি শোধ কর । -মেশকাত

৫৬. তোমরা মহিলাদের মসজিদে যেতে
বাধা দিও না । -আবু দাউদ

৫৭. এক ঘণ্টার ধ্যান সত্তর বছরের নফল
ইবাদতের চেয়ে উত্তম । -মেশকাত

৫৮. মৃত্যু! সে তো বন্ধুর সাথে মিলনের
সেতু । -মেশকাত

৫৯. মিথ্যুক, অঙ্গীকারভঙ্গকারী, বিশ্বাস
ভঙ্গকারী ও আমানত খেয়ানতকারী
কখনোই আমার অনুসারী হতে
পারে না । -বোখারী

৬০. তোমরা ধর্ম নিয়ে বাড়াবাড়ি করো না। অতীতে বহু জাতি ধর্ম নিয়ে বাড়াবাড়ি করার কারণে ধ্বংস হয়ে গেছে।
-বিদায় হজ্জ

৬১. তোমরা সজ্জবদ্ধ থাকো। সজ্জের সাথে আল্লাহর রহমত থাকে। যে বিচ্ছিন্ন হয় সে দোজখে নিক্ষিপ্ত হয়।
-তিরমিজী

৬২. যে ব্যক্তি বায়াতের বন্ধন (সজ্জ ও নেতার প্রতি আনুগত্যের শপথ) ছাড়া মারা গেল, সে জাহেলিয়াতের মৃত্যুবরণ করলো।
-মুসলিম

৬৩. নিশ্চয়ই আল্লাহ প্রত্যেক শতাব্দীর শুরুতে একজন যুগ সংস্কারক পাঠাবেন, যিনি শাস্বত ধর্মকে পুনরুজ্জীবিত করবেন।
-আবু দাউদ

কোয়ান্টাম ফাউন্ডেশন

৩১/ভি শিল্পাচার্য জয়নুল আবেদীন সড়ক, শান্তিনগর, []
ঢাকা-১২১৭। ফোন : ৯৩৪১৪৪১, ০১৭১৪-৯৭৪৩৩৩

E-mail : info@quantummethod.org.bd

Website : www.quantummethod.org.bd